# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**বোর্ড সচিবালয়**
**পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫**
**ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩**
**ই-মেইল:** bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Board Secretariat**
Pani Bhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-১৭১

তারিখ ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

**দপ্তরাদেশ**

পানি সম্পদ মন্ত্রনালয়ের প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং:৪২.০০.০০০০.০৩১.১৫.১৬৪.১৮-৩৩১; তাং-০৪/১১/২০১০ খ্রিঃ এবং তত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকার স্মারক নং: ৪২.০১.০০০০.০৩০.৪৭.০০১.১৯.২০৬; তাং-১৪/১২/২০২০ খ্রিঃ মোতাবেক মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ সৃষ্টি করা হয়। পরবর্তীতে বোর্ড সচিবালয়ের স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৩-৩৯৪; তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ সৃষ্টির প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত আদেশ জারী করা হয়। সে প্রেক্ষিতে গত ১৯/১১/২০২৩ খ্রিঃ তারিখ হতে ঢাক পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা দপ্তরটি মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ হিসেবে দাপ্তরিক কার্যক্রম শুরু করে। কিন্তু উক্ত নবসৃষ্ট পানি উন্নয়ন বিভাগের জেলা পর্যায়ে কোন স্থায়ী ভবন না থাকায় উহার কার্যক্রম লেভেল-৭, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা হতে সাময়িকভাবে পরিচালনা শুরু করা হয়।

২। পরবর্তীতে '৬৪ জেলার ছোট নদী, খাল এক্স জাগায় পুনঃখনন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় নবসৃষ্ঠ মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে মুন্সীগঞ্জে ১টি দ্বিতল ভবন নির্মাণের জন্য বাপাউবো থেকে উদ্যোগ নেওয়া হয় এবং গত ৩০ শে জুন, ২০২৪ ইং তারিখে উক্ত ভবন নির্মাণ শেষ হয়।

৩। এক্ষণে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কাজের স্বার্থে নির্বাহী প্রকৌশলীর দপ্তর, মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ এর সাময়িক দপ্তর লেভেল-৭, ওয়াপদা ভবন, মতিঝিল হতে মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ এর জন্য নবনির্মিত ভবনে স্থানান্তর করা হলো।

৪। নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ তার জন্য নির্ধারিত ভবনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবেন। নবনির্মিত ভবনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার সময় নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ যে সমস্ত সমস্যার সম্মুখীন হবেন, সে সমস্ত সমস্যার বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**ওবায়দুল ইসলাম**
পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): কার্যার্থে/জ্ঞাতার্থে**

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২। সি. এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন সার্কেল-১/২, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই.সি.টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
৫। নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ।